


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি : ড. গাজী মোঃ সাইফুজ্জামান, মহাপরিচালক (গ্রেড-১)  
সভার তারিখ ও সময় : ৩০/০৬/২০২৪, সকাল ১০.৩০ ঘটিকা  
সভার স্থান : যুব ভবনের সম্মেলন কক্ষ

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শুরুতে তিনি যুব উন্নয়ন অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২০২৪ অর্থ বছরের ৪র্থ ত্রৈমাসিক এপ্রিল-জুন ২০২৪ খ্রি. মাসের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ সভায় সিটিজেন চার্টার বিষয়ে ফোকাল পয়েন্ট জনাব মোহাম্মদ আবুল বাসার সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর প্রধান কার্যালয়কে সভার বিস্তারিত বিষয়ে আলোচনা করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। অতপর: সভাপতি মহোদয়ের নির্দেশনা মোতাবেক যুব উন্নয়ন অধিদপ্তর মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২০২৩-২০২৪ পর্যায়ক্রমে উপস্থাপন করেন। তিনি বলেন যুব উন্নয়ন অধিদপ্তরের প্রতিশ্রুত সেবা সমূহ যথাক্রমে (ক) নাগরিক সেবা (খ) দাপ্তরিক সেবা ও (গ) অভ্যন্তরীণ সেবা। উল্লিখিত সেবা সমূহ কার্যালয় ভিত্তিক ভিন্নতর হতে পারে। যেহেতু, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এপিএ এর একটি আবশ্যিক বিষয় সেহেতু, এ বিষয়টি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে এবং এ সংক্রান্ত জেলা/উপজেলার সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুসরণ করতে হবে যা মন্ত্রী পরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোড করা আছে। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

- ২.০ আলোচনা: মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করতে হবে এবং ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করার বিষয়ে আলোচনা হয়।
  - ২.১ সিদ্ধান্ত: মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ৪র্থ ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ ওয়েবসাইটের সেবা বক্সে উপস্থাপন এবং প্রকাশ্যে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।
  - ২.২ বাস্তবায়নে: সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর।
  - ৩.০ আলোচনা: মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এ বাজেট বরাদ্দ বিষয়টি অর্ন্তভুক্ত করতে হবে। এ ক্ষেত্রে বাজেট বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) কর্ম দিবসের মধ্যে বাজেট বিভাজন করে যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়।
  - ৩.১ সিদ্ধান্ত: মহাপরিচালকের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এ বাজেট বরাদ্দ বিষয়টি অর্ন্তভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।
  - ৩.২ বাস্তবায়নে: পরিচালক (অর্থ) ও সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর।
- সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. গাজী মোঃ সাইফুজ্জামান)  
মহাপরিচালক (গ্রেড-১)  
ফোন: ২২৩৩৮৯৩৮৯  
E-mail: [dg@dyd.gov.bd](mailto:dg@dyd.gov.bd)

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০৫.৪৪.০১৩.২২- ১২৭০

তারিখঃ ৩৭ আষাঢ় ১৪৩১  
০১ জুলাই ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক / প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক (সকল), মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল),.....জেলা।
- ৪। কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর (সকল).....জেলা।
- ৫। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। মহাপরিচালক (গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৭। অফিস কপি।



(মোহাম্মদ আব্দুল বাসার)

সহকারী পরিচালক(প্রশাসন) ০২/৭/২৪

ফোন: ২২৩৩৫৬৪০৮

E-mail: adadmin3@dyd.gov.bd